



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা
www.dife.khulna.gov.bd

সভার কার্যবিবরণী ৩০ জুলাই ২০২৫

সভাপতি	সানতাজ বিল্লাহ উপমহাপরিদর্শক
সভার তারিখ	৩০-০৭-২০২৫ ইং
সভার সময়	দুপুর ১২.৩০ ঘটিকা।
স্থান	পেট্রোম্যাক্স রিফাইনারী লিঃ, ১৫ মোংলা বন্দর শিল্প এলাকা, মোংলা, বাগেরহাট।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান এবং সভার কার্যক্রম শুরু করেন। জনাব এস.এম. শাহাজাদ কবির, সহকারী মহাপরিদর্শক (সেফটি) এসডিজি বিষয়ক সভার সামগ্রিক আলোচনা তুলে ধরেন। অধ্যকার সভায় নিম্নবর্ণিত আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয়।

নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারি
১	দুর্ঘটনা রোধ	সভাপতি বলেন যে, ছোট বড় যেকোন প্রকার দুর্ঘটনা শূন্যের কোটায় আনার লক্ষ্য নিয়ে সকলকে একত্রিত হয়ে কাজ করতে হবে। কারখানার কর্তৃপক্ষ বলেন যে, এ বিষয়ে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নির্দেশনা তারা যথাযথভাবে মেনে চলবেন।	কোথাও কোন ঝুঁকি দেখলে তৎক্ষণাৎ কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবেন।	কারখানা কর্তৃপক্ষ

২	পিপিই ব্যবহার	সভাপতি সকল শ্রমিকদের নিয়মিত পিপিই ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন যে, কারখানার বাতাসে প্রচুর ধূলিকণা থাকে। সেকারণে শ্রমিকদের যথাযথভাবে পিপিই ব্যবহার করা অত্যন্ত জরুরী। কারখানা কর্তৃপক্ষ বিষয়টি স্বীকার করেন। কারখানা কর্তৃপক্ষ বলেন যে, শ্রমিকগণ নিয়মিতভাবে মাস্ক ব্যবহার করতে চান না। সভাপতি বলেন পিপিই প্রদান এবং তার ব্যবহার নিশ্চিত করা কারখানার মালিক কর্তৃপক্ষের। সুতারাং পিপিই ব্যবহার ব্যতীত তাদের কাজ করানো যাবে না।	শ্রমিকদের পিপিই ব্যবহার নিশ্চিতছাড়া কাজ করানো যাবে না।	কারখানা কর্তৃপক্ষ
৩	নিয়মিত প্রশিক্ষণ	সভাপতি দুর্ঘটনা হ্রাসকল্পে নিয়মিত সভা আয়োজনের উপর গুরুত্ব আরোপ করেন। এব্যাপারে তিনি সকলকে উদ্বুদ্ধকরণ করেন।	দুর্ঘটনা রোধে নিয়মিত প্রশিক্ষণ এবং অগ্নি মহড়া আয়োজন করতে হবে।	কারখানা কর্তৃপক্ষ

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সানতাজ বিল্লাহ

৩১-০৭-২০২৫

সানতাজ বিল্লাহ

উপমহাপরিদর্শক

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৪০.০১.৪৭০০.০০০.১০৩.৯৯.০০২৩.১৯.৯৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ২। ব্যবস্থাপনা পরিচালক/ম্যানেজার/ভারপ্রাপ্ত ব্যক্তি পেট্রোম্যাক্স রিফাইনারী লিঃ, ১৫ মোংলা বন্দর শিল্প এলাকা, মোংলা, বাগেরহাট, (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।



সানতাজ বিল্লাহ

৩১-০৭-২০২৫

সানতাজ বিল্লাহ

উপমহাপরিদর্শক